

ভাওহিদ শব্দের অর্থ একত্ববাদ। মহান আল্লাহকে এক ও অদ্বিতীয় সত্তা হিসেবে বিশ্বাস করার নাম-ই হলো তাওহিদ। অর্থাৎ আল্লাহ তায়ালা এক। তাঁর কোনো শরিক নেই। তিনি স্বয়ংসম্পূর্ণ। তিনি-ই আমাদের রক্ষক, পালনকর্তা ও রিজিকদাতা। তিনি অনাদি ও অনন্ত। তাঁর সমকক্ষ বা সমতুল্য কেউ নেই। তিনি একমাত্র মাবুদ। সকল প্রশংসা ও ইবাদত একমনে তার-ই প্রাপ্য। মনে প্রাণে এরূপ বিশ্বাস কে তাওহিদ বলা হয়।

**কালিমা তাইয়্যিবাঃ** তাইয়্যিবা অর্থ পবিত্র। 'কালিমা তাইয়্যিবা' হচ্ছে ইসলামের সবচাইতে বড় শিক্ষা এবং ঈমানের সবচাইতে বড় দাবী।

«لَا إِلَهَ إِلَّا اللَّهُ».

উচ্চারণঃ লা- ইলা-হা ইল্লাল্লা-হ।

অর্থঃ আল্লাহ ছাড়া আর কোনো সত্যিকারের ইলাহ (উপাস্য) নেই।

অর্থাৎ পৃথিবীতে ইলাহ বা ইবাদতের যোগ্য একমাত্র আল্লাহ তায়ালা। তিনি ব্যতিত আর কেউ উপাস্য হতে পারে না। আরবি লা ইলাহা শব্দের অর্থ কোন ইলাহ নেই, আর ইল্লাল্লাহ অর্থ আল্লাহ ছাড়া কালিমার এ অংশটি না-বোধক শব্দ দ্বারা শুরু হয়েছে। লা ইলাহা দ্বারা অন্তর থেকে সব রকমের ভুলভ্রান্তি বিশ্বাস দূর করতে হয় এবং ইল্লাল্লাহ দ্বারা আল্লাহ তায়ালায় প্রতি বিশ্বাস স্থাপন করতে হয়।

**কালিমা শাহাদাতঃ** শাহাদাত অর্থ সাক্ষ্য দেওয়া। এই কালিমা পড়ে আল্লাহকে 'একমাত্র ইলাহ' হিসেবে এবং নবী মুহা'ম্মদ সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লামকে 'আল্লাহর রাসুল' হিসেবে সাক্ষ্য দেওয়া হয়, একারণে এই কালিমাকে 'কালিমা শাহাদাত' বলা হয়। উল্লেখ্য এই কালিমা পড়ে মানুষ কাফের থেকে মুসলিম হয়।

أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ.

উচ্চারণঃ আশহাদু আল-লা ইলাহা ইল্লাল্লাহু ওয়াহ'দাহু লা শারিকা-লাহু ওয়া-আশহাদু আন্না মুহা'ম্মাদান আ'বদুহু ওয়া রাসুলুহ।  
অর্থঃ আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ছাড়া আর কোন উপাস্য নেই, তিনি একক, তাঁর কোন শরীক নেই এবং আমি আরো সাক্ষ্য দিচ্ছি যে, মুহা'ম্মদ তাঁর বান্দা ও রাসুল।

এ কথার দ্বারা তাওহিদ বা একত্ববাদের সাক্ষ্য দেওয়া হয় অর্থাৎ আমরা এর দ্বারা সাক্ষ্য দেই যে মহান আল্লাহ এক ও অদ্বিতীয়। তাঁর কোন শরিক বা সমতুল্য নেই। ইবাদতের ক্ষেত্রে আমরা কাউকে তার শরিক করিনা।

আল্লাহ তায়ালা এক ও অদ্বিতীয় এ বিশ্বাস আমাদের মনের মধ্যে না থাকলে আমরা কোনদিনই মুমিন হতে পারবো না। আল্লাহতাই একমাত্র সৃষ্টিকর্তা, পালনকর্তা, রিজিকদাতা। তিনিই একমাত্র উপাস্য। তিনি সকল কিছুই সৃষ্টি করেছেন আমাদের জন্য। তাই আমাদের সকলের উচিত তার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করা। আল্লাহ তায়ালার আনুগত্য ও ইবাদত করা।